গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং- ০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.০০০৬.২৫.৪০

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর (প্রাক্তন সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, চাষাড়া, নারায়ণগঞ্জ) এর বিরুদ্ধে মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা এর নিকট গত ২০-১১-২০২৪ তারিখে জনৈক প্রবাসী বিনিয়োগকারী জনাব মোঃ আজিজুল হক সঞ্চয়পত্র নগদায়নের সময় উদ্দেশ্য প্রণোদিতভাবে হয়রানিকরণের লিখিত অভিযোগ দাখিল করেন।

০২। যেহেতু, তাঁর উক্তরূপ কার্যকলাপ/আচরণ চাকরি শৃঙ্খলার জন্য হানিকর, শিষ্টাচার বহির্ভূত ও সরকারি আদেশ অবজ্ঞাকরণের শামিল যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৩। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) মোতাবেক তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮ জুন ২০২৫ খ্রি. তারিখের ২৮ নং প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

০৪। যেহেতু, উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর: ০৩/২০২৫) রুজু করে ১৮ জুন ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.০০০৬.২৫.২৯ ও ৩০ নং স্মারকের মাধ্যমে যথাক্রমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয়; এবং

০৫। যেহেতু, জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত) কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০২৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

৬। যেহেতু, উভয় পক্ষের বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর (প্রাক্তন সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, চাষাড়া, নারায়ণগঞ্জ) এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৭। যেহেতু, জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক বর্তমান বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য অবনমিতকরণ শীর্ষক লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর (প্রাক্তন সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, চাষাড়া, নারায়ণগঞ্জ) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত

হওয়ায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৪(২) (ঘ) বিধি মোতাবেক বর্তমান বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য অবনমিতকরণ শীর্ষক লঘুদন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদকাল পরবর্তী বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না এবং উক্ত সময়ের জন্য কোনো বকেয়া প্রাপ্য হবেন না। উল্লেখ্য, তার সাময়িক বরখাস্তকালকে 'অসাধারণ ছুটি' হিসাবে গণ্য হবে। সাময়িক বরখাস্তকালে অভিযুক্ত কর্মকর্তাকে রাষ্ট্র কর্তৃক প্রদত্ত খোরপোষ ভাতা ফেরত প্রদান করতে হবে না। একই সাথে এ বিভাগের ১৮ জুন ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.০০০৬.২৫.২৮ নম্বর প্রজ্ঞাপনমূলে জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর (প্রাক্তন সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, চাষাড়া, নারায়ণগঞ্জ)-কে চাকরি হতে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো।

৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৭/০৪/২০২৬

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
সচিব

নং- ০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.০০০৬.২৫.৪০

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৩। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০ (দশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধসহ}।
৯। বিভাগীয় একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঢাকা/চট্টগ্রাম।
১০। উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম।
১১। জনাব মামুনুর রহমান মোল্লা, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর (প্রাক্তন সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, চাষাড়া, নারায়ণগঞ্জ)।
১২। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১২/০৫/২০২৬
(মোহাম্মদ মোবারক হোসেন)
সহকারী সচিব